অতি জরুরি

বাংলাদেশ কনস্যুলেট জেনারেল
শ্রম কল্যাণ উইং
জেদ্দা, সৌদি আরব

নং-১৯.০২.৯৬৬২.৭০০.৪৩.০১.২০১৯-২০১০ তারিখঃ ০৫ নভেম্বর ২০১৯

বিষয়ঃ সৌদি আরবে কর্মরত নারী গৃহকর্মী সুমি আক্তারকে দেশে ফেরৎ পাঠানো প্রসঙ্গে।

সূত্রঃ ১) বিএমইটি-এর ০৩/১১/২০১৯ তারিখের ৪৯.০১.০০০০.০৩০.২৭.৩০০.১৯-৫৯৫ নং পত্র
২) জেদ্দাস্থ কনস্যুলেট-এর ০৪/১১/২০১৯ তারিখের ১৯.০২.৯৬৬২.৭০০.৪৩.০১.২০১৯-২০০৮ নং পত্র

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সৌদি আরবে কর্মরত নারী গৃহকর্মী সুমি আক্তার (পাসপোর্ট নং ইএ ০১৭৫৩১২) -কে উদ্ধারপূর্বক বাংলাদেশে প্রেরণের জন্য নির্দেশনা সংবলিত পত্র প্রাপ্তির পর মুসানেদ সিস্টেম যাচায়ান্তে দেখা যায় তিনি রিয়াদ অধিক্ষেত্রে অবস্থান করছেন। আরো অনুসন্ধানে জানা যায় যে, তিনি নাজরান শহরে অবস্থান করছেন। উল্লেখ্য, নাজরান শহরটি জেদ্দা শহর হতে আনুমানিক এক হাজার কিঃ মিঃ দূরে অবস্থিত।

০২। তাৎক্ষণিকভাবে নাজরান অঞ্চলের পুলিশ প্রধানের সাথে কনস্যুলেট হতে টেলিফোনে আলাপ করা হয়। কনস্যুলেটের একজন প্রতিনিধিকে নাজরান প্রেরণ করা হয়। ০৪/১১/২০১৯ তারিখ সন্ধ্যার দিকে কফিলসহ সুমি আক্তারকে নাজরান পুলিশ প্রধানের দপ্তরে পুলিশ কর্তৃক উপস্থিত করানো হয়। সুমি আক্তার-এর বর্তমান কফিল জানান যে, তিনি সুমি আক্তারকে সৌঃরিঃ ২২,০০০/- (বাইশ হাজার) পরিশোধ করে যথাযথ প্রক্রিয়া অবলম্বন করে তার অধীনে আণয়ন করেছেন। তাকে নিয়মিতভাবে বেতন দিচ্ছেন। সৌঃ রিঃ ২২,০০০/- (বাইশ হাজার) ফেরৎ না দিলে তিনি সুমি আক্তারকে ফাইনাল এক্সিট প্রদান করবেন না। উল্লেখ্য যে, কফিল কর্তৃক ফাইনাল এক্সিট প্রদান না করা হলে কোন প্রবাসী সৌদি আরব ত্যাগ করতে পারেন না - এটিই সৌদি আরবের প্রচলিত আইন।

০৩। সুমি আক্তার বর্তমানে নাজরান পুলিশের তত্ত্বাবধানে নাজরান শহরে অবস্থিত একটি সেইফ হোমে অবস্থান করছেন। সৌঃ রিঃ ২২,০০০/- (বাইশ হাজার) কফিলকে প্রদান করা গেলে কফিলের নিকট হতে তার অনুকুলে ফাইনাল এক্সিট গ্রহণ করা যাবে এবং টিকেট পাওয়া গেলে তাকে বাংলাদেশে ফেরৎ পাঠানো হবে।

০৪। বর্ণিতাবস্থায়, সুমি আক্তার-এর বর্তমান কফিলকে সৌঃ রিঃ ২২,০০০/- (বাইশ হাজার) পরিশোধ এবং বিমান টিকেট প্রেরণের জন্য মেসার্স রূপসী বাংলা ওভারসীজ (আর এল-১১৬১)-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

কে এম সালাহ উদ্দিন
প্রথম সচিব (স্থানীয়)

মহাপরিচালক
জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
কাকরাইল, ঢাকা
[দৃঃ আঃ পরিচালক(কর্মসংস্থান)]

**অনুলিপিঃ**

১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
২। মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা
৩। মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা
৪। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৫। কনসাল জেনারেল-এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব
৬। অফিস কপি।